

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৮১-আইন/২০১২/৬৩৯-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৫-আইন/২০১১/৫৯৮-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর—

- (১) কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০০৫ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০০৫.১০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“পণ্যাগারঃ

ব্যাখ্যা।— “পণ্যাগার” অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে যেকোন পণ্য পণের বিনিময়ে বা অন্যকোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকাণ্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।”;

- (২) কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০৪৭ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:—

“খেলাধুলা আয়োজকঃ

ব্যাখ্যা।— “খেলাধুলা আয়োজক” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতামূলক খেলাধুলা প্রদর্শনার্থে দর্শকদের নিকট হইতে ফি, টিকেট মূল্য বা কোন প্রকার বিনিময় মূল্য গ্রহণ করেন।”;

- (৩) কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০৫৬ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী :

ব্যাখ্যা।- “ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী” অর্থ কোন রাষ্ট্রায়ত্ত্ব, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ২ এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা, যাহারা কমিশন, ফি বা চার্জের বিনিময়ে যে কোনো মাধ্যমে ব্যাংকিং বা নন ব্যাংকিং সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ত্রয়-বিত্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে।”;

- (৪) কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০৭১ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:-

“অনুষ্ঠান আয়োজক :

ব্যাখ্যা।- “অনুষ্ঠান আয়োজক” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বা যাহারা, পণের বিনিময়ে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে কোন ধরনের অনুষ্ঠান আয়োজনে সহায়তা করে থাকেন।”;

- (৫) কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা S০৯৯ এর বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৯৯.০০ বিবিধ সেবা :

S০৯৯.১০ তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) :

ব্যাখ্যা।- “তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services)” অর্থ Digital Content Development and Management, Animation (both 2D and 3D), Geographic Information Services (GIS), IT Support and Software Maintenance Services, Web Site Services, Business Process Outsourcing, Data entry, Data Processing, Call Centre, Graphics Design (digital service), Search Engine Optimization, Web Listing, E-commerce and Online Shopping, document conversion, imaging and archiving.”

So৯৯.২০ অন্যান্য বিবিধ সেবা :

ব্যাখ্যা।- “অন্যান্য বিবিধ সেবা” অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলের অন্তর্ভুক্ত নয়, এই প্রজ্ঞাপনে সংজ্ঞায়িত করা হয় নাই এবং উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত নয়, পণের বিনিময়ে প্রদত্ত এমন সকল সেবা।”।

২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোহাম্মদ শফি উদ্দিন]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)